

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৩৫

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৪৪. ময়দা

بَابِ الْحُوَّارَى

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ، وَسُوَيْدُ بْنُ سَعِد، قَالاَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِم، حَدَّثَنِي أَبِي قَالَ، سَأَلْتُ سَهْلَ بْنَ سَعْدٍ هَلْ رَأَيْتَ النَّقِيَّ قَالَ مَا رَأَيْتُ النَّقِيَّ حَتَّى قُبِضَ رَسُولُ اللَّهِ عليه وسلم عَيْرَ مَنْخُلاً حَتَّى قُبِضَ رَسُولُ اللَّهِ عصلى الله عليه وسلم عليه وسلم عليه وسلم عليه عليه وسلم عليه عليه وسلم عليه وسلم عليه وسلم عن مُنْخُلاً حَتَّى قُبِضَ رَسُولُ اللَّهِ عليه وسلم عليه وسلم عليه وسلم عنه مُنْخُلاً حَتَّى قُبِضَ مَنْخُولٍ قَالَ نَعَمْ نَنْفُخُهُ فَيَطِيرُ مِنْهُ مَا طَارَ وَمَا بَقِيَ تُرَيْنَاهُ .

বাংলা

১/৩৩৩৫। আবদুল আযীয ইবনে আবূ হাযিম (রাঃ) বলেন, আমার পিতা আমার নিকট হাদীস বর্ণনা করে বলেন, আমি সাহল ইবনে সাদ (রাঃ) এর নিকট জিজ্ঞাসা করলাম, আপনি কি ময়দা দেখেছেন? তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর ইন্তিকালের পূর্ব পর্যন্ত ময়দা দেখিনি। আমি পুনরায় জিজ্ঞেস করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে লোকেদের কি চালুনি ছিল? তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইন্তিকালের পূর্ব পর্যন্ত চালুনিও দেখিনি। আমি পুনরায় জিজ্ঞেস করলাম, তাহলে আপনারা চালুনি ছাড়া কিভাবে যব খেতেন? তিনি বলেন, হ্যাঁ (আমরা তা গুড়া করে) তাতে ফুঁ দিতাম এবং যা উড়ে যাওয়ার তা উড়ে যেতো এবং যা অবশিষ্ট থাকতো তা পানিতে ভিজাতাম।

English

'Abdul-'Aziz bin Abu Hazim said:

My father told me: I asked Sahl bin Sa'd: "Did you ever see dough made from well-sifted flour?" He said: "I never saw dough made from well-sifted flour until the Messenger of Allah () passed away." I said: "Did they have



sieves at the time of the Messenger of Allah (ﷺ)?" He said: "I never saw a sieve until the Messenger of Allah (ﷺ) passed away." I said: "How did you eat barley that was not sifted?" He said: "We used to blow on it, and whatever flew away, flew away, and whatever was left we made dough with it."

ফুটনোট

সহীহুল বুখারী ৫৪১০, তিরমিয়ী ২৩৬৪, আহমাদ ২২৩০৭, মুখতাসারুশ শামাইল ১২৬, আত-তালীকুর রাগীব ৪/১১। তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন